

# বাংলা ট্রিবিউন

সঠিক সময়ে সঠিক খবর

## বাংলা ট্রিবিউন বিশ্বস্ততা অর্জন করেছে: মেয়র আনিসুল হক

বাংলা ট্রিবিউন রিপোর্ট

১৩ মে ২০১৬, ১৮:৩৩

বাংলা ট্রিবিউন বিশ্বস্ততা অর্জন করেছে বলে মন্তব্য করেছেন ঢাকা সিটি করপোরেশনের (উত্তর) মেয়র আনিসুল হক।

বাংলা ট্রিবিউনে দুই বছর পূর্তি উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে তিনি এ মন্তব্য করেন।

তিনি বলেন, ‘বাংলা ট্রিবিউন বিশ্বস্ততা অর্জন করেছে। পাঠকের কাছে এ পত্রিকার সংবাদের গ্রহণযোগ্যতাও বেড়েছে। আগামীতে বাংলা ট্রিবিউন আরও এগিয়ে যাবে এই প্রত্যাশা করি।’ মেয়র আনিসুল হক, বিশিষ্ট রবীন্দ্রবোদ্ধা আমিনা আহমেদ, বাংলা ট্রিবিউনের প্রকাশক ড. কাজী আনিস আহমেদ ও ভারপ্রাপ্ত সম্পাদক জুলফিকার রাসেল কেক কেটে আনুষ্ঠানিকতা শুরু করেন। বাংলা ট্রিবিউনের দুই বছর পূর্তি উপলক্ষে প্রতিষ্ঠানটির নিজস্ব কনফারেন্স রুমে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত না হতে পারায় দুঃখ প্রকাশ করেছেন ঢাকা দক্ষিণের মেয়র সাঈদ খোকন। তবে তিনি শুভেচ্ছাবার্তা পৌঁছে দিয়েছেন।

/ইউআই/এজে/



বাংলা ট্রিবিউনের খবর পেতে গুগল নিউজে ফলো করুন





---

© 2025 Bangla Tribune Online Media

